



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১
ফ্যাক্স : ০২৫৮৮৮-৪৫১৩৪

তারিখ: ১৯.০৩.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবি'র অসচ্ছল শিক্ষার্থীদের আর্থিক অনুদান প্রদান

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় হতে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা দপ্তর হতে আজ এ তথ্য জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ২১টি বিভাগের প্রতি বিভাগ থেকে ৩ জন করে মোট ৬৩ জন অসচ্ছল শিক্ষার্থীর মধ্যে প্রত্যেককে ৩ হাজার টাকা করে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, আমাদের সামর্থ্যের মধ্যে যতটুকু শিক্ষার্থীদের জন্য করা যায়, আমরা সেটা করার চেষ্টা করছি। গত বছরও মেধাবী এবং অসচ্ছল শিক্ষার্থীদের জন্য আর্থিক সহযোগিতা প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমকে আরও গতিশীল, সুন্দর ও মসৃণ করার জন্য বিভিন্ন তাৎপর্যপূর্ণ পদক্ষেপ প্রশাসনের পক্ষে নেওয়া হয়েছে। সামনের দিনগুলোতেও শিক্ষার্থীদের ভালোকিছুর জন্য আমাদের প্রচেষ্টা চলমান থাকবে।

এ বিষয়ে ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ড. মো. নাজমুল হোসেন বলেন, বর্তমান প্রশাসন বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর থেকেই শিক্ষার্থীদের সহযোগিতার জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এই ধারাবাহিকতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আমি প্রত্যাশা করি।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।